সমকাল
মঙ্গলবার | ১৩ আগস্ট ২০২৪ | ২৯ শ্রাবণ ১৪৩১

North South University Library ★1992★

জীবন সংকটাপন্ন খায়রুলের পাশে নর্থ সাউথ ইউনিভার্সিটি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা অসহযোগ আন্দোলনে অংশ নিয়ে গত ৫ আগস্ট আহত হন খায়রুল আলম। তিনি নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) প্রাক্তন শিক্ষার্থী। বর্তমানে তিনি এনএসইউ ক্যারিয়ার অ্যান্ড প্লেসমেন্ট সেন্টারে (সিপিসি) কর্মরত। তাঁর মস্তিষ্কে রক্তক্ষরণের পাশাপাশি ফুসফুস বিকল হয়ে পড়ায় লাইফ সাপোর্টে রাখা হয়েছে। জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন আছেন তিনি। চরম উদ্বেগ-উৎকণ্ঠায় দিন কাটছে তাঁর পরিবারের সদস্যদের।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলাম বলেন, 'খায়রুলের বিষয়ে আমরা মর্মাহত ও উদ্বিগ্ন। তাঁকে ইতোমধ্যে আর্থিক সহযোগিতা করা হয়েছে। চিকিৎসার সব দায়দায়িত্বও বহন করা হবে। খায়রুল যেন দ্রুত স্বাভাবিক কর্মজীবনে ফিরে আসতে পারে, সে জন্য সবার কাছে দোয়া চাই।'

বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁকে দেখতে গতকাল হাসপাতালে যান সিপিসির পরিচালক ড. খসরু মিয়া। এ সময় তিনি খায়রুলের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। এর আগে কোটা সংস্কারের দাবিতে অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে আহত অন্তত ২০ শিক্ষার্থীর চিকিৎসায় আর্থিক সহায়তা দিয়েছেন এনএসইউ। এ ছাড়া এনএসইউ ইমার্জেন্সি রেসপন্স টিমের অধীনে মেডিকেল, পুলিশবিষয়ক আইন ও কাউন্সেলিং টিমগুলো শিক্ষার্থীদের জন্য কাজ করছে। সংবাদ বিজ্ঞপ্তি।